**বিজ্ঞাপন প্রকাশ**
শ্রেণীবদ্ধ সহ বিভিন্ন ধরনের দৈনিক অথবা মাসিক বিজ্ঞাপন সংবাদপত্রে প্রকাশিত করতে যোগাযোগ করুন - ৯০৬২৮৬৭৯২১ নং এ ।

# এই যুগ
EI YUG

**ADVERTISMENT**
TO PUBLISH VARIOUS TYPES OF DAILY OR MONTHLY ADVERTISEMENT IN NEWSPAPER INCLUDING CLASSIFIEDS , CONTACT- 9062867921.

EI YUG ✹ HOWRAH ✹ DAILY ✹ VOLUME-4 ✹ ISSUE-401 ✹ 18 SEPTEMBER 2024 , WEDNESDAY ✹ R.N.I REGISTRATION NO : WBBEN/2020/81746 ✹ PAGE-4 ✹ PRICE: 2/-

## মুখ্যমন্ত্রী জুনিয়র ডাক্তারদের দাবি মেনে নিলেন



বেবি চক্রবর্তী ,এই যুগ ,কলকাতা ,১৭ সেপ্টেম্বর : জুনিয়র চিকিৎসকদের দাবি মেনে নিয়েছেন পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। সোমবার রাতে আন্দোলনরত চিকিৎসকদের দাবি মেনে নিয়ে বরখাস্ত হলেন কলকাতা পুলিশ কমিশনার বিনীত গোয়েল। মেডিকেল শিক্ষা পরিচালক ও স্বাস্থ্য সেবা পরিচালককেও বরখাস্ত করা হয়েছে। মমতা বন্দ্যোপাধ্যায় বললেন, কলকাতা পুলিশের (উত্তর), যার বিরুদ্ধে দুর্গতের পরিবার ঘুষের অভিযোগ তুলেছিল, তাকেও বাদ দেওয়া হবে। প্রতিবাদী জুনিয়র আলোচনার জন্য পাঁচটি পূর্ব শর্ত নির্ধারণ করেছিল , যার মধ্যে সিপি , স্বাস্থ্য সচিব , ডিএমই , ডিএইচএস এর অপসারণ সহ।"জুনিয়র ডাক্তারদের চাহিদার পরিপ্রেক্ষিতে কলকাতা পুলিশ কমিশনার বিনীত কুমার গোয়েল বৈঠকে বলেছেন তিনি পদত্যাগ করতে প্রস্তুত। মঙ্গলবার বিকাল ৪টায় নতুন সিপির হাতে দায়িত্ব হস্তান্তর করেন বিনীত" তবে আপাতত স্বাস্থ্য সচিবকে রাখা হয়েছে। জুনিয়র ডাক্তারদের সোমবার বিকেলে মমতা বন্দ্যোপাধ্যায়ের কালীঘাটের বাড়িতে আবার ডাকা হয়। সোমবার বিকাল ৫টায় বৈঠকে উপস্থিত ছিলেন জুনিয়ার ডাক্তাররা। এদিন মমতা বন্দ্যোপাধ্যায় আন্দোলনরত জুনিয়ার চিকিৎসকদের সমস্ত দাবি মেনে নেন। মুখ্যমন্ত্রীর সিদ্ধান্তে খুশি চিকিৎসক মহল থেকে সাধারণ জনগণ। এরপর স্বাস্থ্য দফতরের সামনে ঢাক বাজিয়ে উল্লাস জুনিয়ার চিকিৎসকদের।

## বিশেষ ঘুড়ি উড়িয়ে আরজি কর কাণ্ডের অভিনব প্রতিবাদ ভারতীয় জনতা যুব মোর্চার




এই যুগ , কলকাতা ,১৭ সেপ্টেম্বর : আজ শিল্পের দেবতা বিশ্বকর্মার পুজো চলছে গোটা রাজ্য জুড়ে। এই বিশেষ দিনে আরজি করের মহিলা চিকিৎসক তিলোত্তমার নৃশংস হত্যাকাণ্ডের বিচারের দাবিতে ঘুড়ি উড়িয়ে কলকাতার ময়দানে অভিনব প্রতিবাদে সরব হলেন রাজ্য বিজেপি যুব মোর্চা । এদিন রাজ্য সভাপতি ডাঃ ইন্দ্রনীল খাঁ এর নেতৃত্বে বিশেষ ঘুড়ি আকাশে উড়িয়ে আরজি করের ঘটনায় প্রতিবাদ জানায় ভারতীয় জনতা যুব মোর্চার নেতৃত্ব রা ।

## দিল্লির নয়া মুখ্যমন্ত্রী হচ্ছেন অতিশী মারলেনা



বেবি চক্রবর্তী ,এই যুগ ,দিল্লি ,১৭ সেপ্টেম্বর : অবশেষে জল্পনার অবসান। দিল্লির মুখ্যমন্ত্রীর পদ থেকে সরলেন অরবিন্দ কেজরীওয়াল। আজ বিকেলেই মুখ্যমন্ত্রী পদে আজই ইস্তফা দিতে চলেছেন কেজরীওয়াল। নতুন মুখ্যমন্ত্রী হচ্ছেন অতিশী। দিল্লির নয়া মুখ্যমন্ত্রী হওয়ার দৌড়ে এগিয়ে ছিলেন অতিশী। দিল্লির নতুন মুখ্যমন্ত্রী হিসেবে অতিশীর নাম ঘোষণা করেছেন অরবিন্দ কেজরীওয়াল ঘোষণা করেন ,তিনি মুখ্যমন্ত্রী পদ ছাড়তে চান।সেইমতো পরবর্তী মুখ্যমন্ত্রী কে হবেন তাই নিয়ে চলছিল জল্পনা।শেষ পর্যন্ত জল্পনার অবসান হল।মঙ্গলবার আম আদমি পার্টির নেতারা দিল্লিতে বৈঠক ডাকেন।সেই বৈঠকে ঠিক হয় দিল্লির মুখ্যমন্ত্রী অতিশী মারলেনা হবেন নতুন মুখ্যমন্ত্রী। তাঁর নাম প্রস্তাব করেন অরবিন্দ কেজরীওয়াল। কেজরীর সিদ্ধান্তে সহমত পোষণ করেন সঞ্জয় সিং , মণিশ সিসোদিয়া সহ অন্যান্য নেতৃবৃন্দ।তাই দিল্লির কুর্সিতে এবার বসছেন মহিলা মুখ্যমন্ত্রী।এর আগে শীলা দীক্ষিত কংগ্রেসের তরফে দিল্লির মুখ্যমন্ত্রী হন।তাই দেশ আরও এক মহিলা মুখ্যমন্ত্রী পাচ্ছে।বাংলার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় ছিলেন একমাত্র মহিলা মুখ্যমন্ত্রী।এবার দিল্লির মসনদে মহিলা মুখ্যমন্ত্রী বসায় নারীদের ক্ষমতায়ন বিস্তার লাভ করছে বলে রাজনৈতিক মহল মনে করছে।

## ডিভিসির ছাড়া জলে পুজোর মুখেই ভাসতে চলেছে উদয়নারায়ণপুর





সন্দীপ মজুমদার , এই যুগ , হাওড়া , ১৭ সেপ্টেম্বর : ডিভিসির ছাড়া জলে পুজোর মুখেই ভাসতে চলেছে গ্রামীণ হাওড়ার উদয়নারায়ণপুর ও আমতা ব্লকের বিস্তীর্ণ এলাকা। গত ৬-৭ আগস্ট ডিভিসি দেড় লক্ষ কিউসেক জল ছাড়ার ফলে উদয়নারায়ণপুর ও আমতায় বন্যার ভ্রুকুটি দেখা দিয়েছিল। তবে বিশ্ব ব্যাংকের টাকায় তিনটি জেলার বন্যা প্রতিরোধের যে মেগা প্রকল্পের কাজ চলছে তার কাজ শেষের মুখে। ফলে সেবার বন্যার হাত থেকে রেহাই পেয়েছিলেন এই দুটি ব্লকের মানুষ। তবে মঙ্গলবার ডিভিসি প্রায় আড়াই লক্ষ কিউসেক জল ছেড়েছে বলে জানা গিয়েছে। আগে ৬০-৭০ হাজার কিউসেক জল ছাড়া হলেই বানভাসি হতে হত উদয়নারায়ণপুর ও আমতার মানুষদের। মেগা প্রকল্পের জন্য দামোদরের পলি উত্তোলন ও সংশ্লিষ্ট খালগুলিকে সংস্কার করা হয়ে হয়। তাই দামোদর নদের জল ধারণ ক্ষমতা বৃদ্ধি পায়। কিন্তু এবার একধাপে প্রায় আড়াই লক্ষ কিউসেক জল ছাড়ায় ত্রাহী-ত্রাহী রব উঠেছে এই দুটি ব্লকের মানুষদের মধ্যে। মঙ্গলবার উদয়নারায়নপুর ও আমতা-২ নম্বর বিডিও অফিসে দুটি পৃথক প্রশাসনিক বৈঠক করা হয়। দুটি এলাকার নদী বাঁধ পরিদর্শনে যান রাজ্যের পূর্ত ও জনসংযোগ কারিগরি দপ্তরের মন্ত্রী পুলক রায় , হাওড়ার জেলা শাসক ড. পি দিপাপপ্রিয়া , হাওড়া গ্রামীণ জেলা পুলিশ সুপার স্বাতী ভাঙ্গালিয়া, হাওড়া জেলা (গ্রামীণ) অতিরিক্ত পুলিশ সুপার ড. জর্জ অ্যালান জর্জ, দুই বিধায়ক সমীর কুমার পাঁজা ও সুকান্ত কুমার পাল , উলুবেড়িয়ার মহকুমা শাসক মানস কুমার মন্ডল , দুই বিডিও শুভ্র চট্টোপাধ্যায় ও পিন্টু ঘরানী , সেচ দপ্তর সহ সংশ্লিষ্ট দপ্তরগুলির আধিকারিকবৃন্দ ও জনপ্রতিনিধিবৃন্দ।

# জেলার কথা

## বন্যার জেরে বিশ্বকর্মা পুজো কার্যত বন্ধ ঘাটালে ,জীবন বাঁচাতে ব্যস্ত মানুষ



এই যুগ ,পশ্চিম মেদিনীপুর ,১৭ সেপ্টেম্বর : ক্রমশ জল বাড়ছে একাধিক নদীতে। বিশ্বকর্মা পুজোর দিন কার্যত পুজো বন্ধ ঘাটাল মহকুমার বিস্তীর্ণ এলাকায়। বন্যার প্রকোপে জীবন বাঁচাতে মরিয়া হয়ে উঠেছে এলাকাবাসী। কোথাও বাড়িতে জল ঢুকছে , কোথাও বাজারে কোমর সমান জল থৈথৈ করছে। পুজোর আনন্দ এখন বহু দূরের বিষয় , কারণ জীবিকা নির্বাহ করাই এখন দায় হয়ে উঠেছে সাধারণ মানুষের জন্য।নিম্নচাপের কারণে টানা তিন দিনের বৃষ্টিতে জল বাড়ছে ঝুমী ও শিলাবতী সহ একাধিক নদীতে। জলাধার থেকে জল ছাড়ার ফলেও ঘাটালে বন্যা পরিস্থিতি তৈরি হয়েছে। একাধিক গ্রামে হুহু করে জল ঢুকে পরিস্থিতি ভয়াবহ করে তুলেছে। ইতিমধ্যে ঘাটাল পরিদর্শন করেছেন সাংসদ দেব , প্রশাসনও তৎপরতার সাথে কাজ করছে।

মঙ্গলবার যখন রাজ্যজুড়ে পালিত হচ্ছে বিশ্বকর্মা পুজো , তখন ঘাটালে এই পুজোর কোনও রেশই নেই। সাধারণ মানুষ এখন বেঁচে থাকার তাগিদে ব্যস্ত। বন্যায় প্লাবিত ঘাটাল বাজারের বিকল্প হিসেবে ঘাটাল ব্রিজের উপর বসেছে বাজার। জীবনের ঝুঁকি নিয়ে এখানেই আলু , পেঁয়াজ , কাঁচা সবজি বিক্রি চলছে। প্রশাসনের পক্ষ থেকে বৈঠক করা হয়েছে , যাতে সাধারণ মানুষকে বন্যার প্রকোপ থেকে রক্ষা করা যায়। নৌকা পরিষেবা সহ বিভিন্ন পরিষেবা সচল রাখা হয়েছে। মহকুমা শাসক ২৪ ঘণ্টা নজরদারি রেখেছেন , এবং ঘাটালে এনডিআরএফ টিমও পৌঁছেছে। কিন্তু দুর্গাপুজোর আগে এই ভয়াবহ বন্যা সাধারণ মানুষকে কার্যত নাজেহাল করে তুলেছে।

## বারবিশায় অভিযান চালিয়ে গাঁজা সহ এক ব্যক্তিকে গ্রেফতার করল পুলিশ



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৭ সেপ্টেম্বর : গোপন খবরের ভিত্তিতে অভিযান চালিয়ে গাঁজা সহ গ্রেপ্তার ১ জন। বারবিশায় গাঁজা সহ এক ব্যক্তিকে গ্রেফতার করল বারবিশা ফাঁড়ির পুলিশ। মঙ্গলবার দুপুরে ধৃতকে আলিপুরদুয়ার জেলা আদালতে পাঠায় পুলিশ। জানা গিয়েছে , ধৃতের নাম সজল সরকার। অসম-বাংলা সীমানার পাকরিগুড়ি এলাকায় তাঁর বাড়ি। গোপন সূত্রের খবরের ভিত্তিতে সোমবার সন্ধ্যায় বারবিশা বাজার সংলগ্ন এলাকা থেকে সজল সরকারকে গ্রেফতার করে পুলিশ। তাঁর কাছ থেকে উদ্ধার করা হয় ১ কেজি গাঁজা। নির্দিষ্ট ধারায় ধৃতের বিরুদ্ধে মামলা দায়ের করে এদিন তাঁকে আলিপুরদুয়ার জেলা আদালতে পাঠায় পুলিশ।

# দলের অস্বস্তি বাড়ালেন রাজ্যসভার সাংসদ সুখেন্দুশেখর



বেবি চক্রবর্তী , এই যুগ ,দিল্লি ,১৭ সেপ্টেম্বর : আরজি কর কাণ্ডের জেরে জুনিয়র ডাক্তারদের সঙ্গে বৈঠকের পর যখন স্বস্তির রাস্তা খুঁজছে তৃণমূল , তখন দলের অস্বস্তি আরও বাড়ালেন রাজ্যসভার সাংসদ সুখেন্দুশেখর রায়। তৃণমূলের মুখপত্রের সম্পাদকের পদ থেকে ইস্তফা দিলেন তিনি। তাঁর এই পদক্ষেপ তৃণমূলের সঙ্গে বিচ্ছেদের দিশায় আরেকটি পদক্ষেপ বলে মনে করছে রাজনৈতিক মহল।সোমবার গভীর রাতে সুখেন্দুশেখর রায় জানান , মমতা বন্দ্যোপাধ্যায়কে চিঠির মাধ্যমে সম্পাদকের পদ থেকে ইস্তফা দিয়েছেন তিনি। এর পর থেকে তাঁর নাম যেন তৃণমূলের মুখপত্র সম্পাদক হিসাবে আর ব্যবহার করা না হয়।আরজি কর কাণ্ড নিয়ে গণআন্দোলনে শুরু থেকেই জনতার পাশে ছিলেন তিনি। গত ১৪ অগাস্ট রাতে রাত দখলের আন্দোলনে পথে নেমে বিচারের দাবিতে বিক্ষোভ দেখিয়েছিলেন। আরজি কর মেডিক্যালে তরুণী চিকিৎসকের খুন ও ধর্ষণের ঘটনায় রাজ্য সরকারের পদক্ষেপে যে তিনি খুশি নন তাও স্পষ্ট করে দিয়েছিলেন সুখেন্দুশেখরবাবু। এর পরই তাঁর সঙ্গে দূরত্ব বাড়তে শুরু করে তৃণমূলের। তারই মধ্যে কলকাতা পুলিশের কমিশনার বিনীত গোয়েলের গ্রেফতারি দাবি করে সোশ্যাল মিডিয়ায় পোস্ট করেন সুখেন্দুশেখরবাবু। এরপর তাঁকে লালবাজারে তলব করে কলকাতা পুলিশ। যদিও আদালতের দ্বারস্থ হন তিনি।-ফাইল চিত্র।

# পুলিশের উদ্যোগে বিনামূল্যে স্বাস্থ্য পরীক্ষা শিবির



এই যুগ ,কোচবিহার , ১৭ সেপ্টেম্বর :কোচবিহার জেলা পুলিশের উদ্যোগে ও একটি বেসরকারি হাসপাতাল এবং ওষুধ কোম্পানির সহায়তায় মঙ্গলবার কোচবিহার জেলা পুলিশ লানের কনফারেন্স হলেআয়োজিত হয় বিনামূল্যে স্বাস্থ্য পরীক্ষা শিবির। শিবিরের উদ্বোধন করেন জেলা পুলিশ সুপার দ্যুতিমান ভট্টাচার্য। উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার শ্রী কৃষ্ণ গোপাল মীনা সহ অন্যান্য পুলিশ আধিকারিকগন। জেলা পুলিশ সুপার দ্যুতিমান ভট্টাচার্য জানান এদিন শিবিরে জেলা পুলিশের সম্মান প্রকল্পে থাকা প্রবীন নাগরিকদের এবং পুলিশ কর্মী ও সহায়ক কর্মীদের বিনামূল্যে স্বাস্থ্য পরীক্ষা করা হয়েছে। শহরের বিশিষ্ট চিকিৎসক গন শিবিরে ফুসফুস , চোখ , নাক , কান , গলা , ব্লাড প্রেসার , ব্লাড সুগার , হার্ট পরীক্ষা করেন। পুলিশের এই উদ্যোগকে সাধুবাদ জানিয়েছেন এলাকাবাসী।

## হাওড়া প্রেস ক্লাবের ৪৬তম বার্ষিক প্রতিষ্ঠা দিবস পালন



বেবি চক্রবর্ত্তী ,এই যুগ , হাওড়া ,১৭ সেপ্টেম্বর : হাওড়ার মারিয়াস ডে স্কুলে ১৬ সেপ্টেম্বর ,সোমবার সন্ধ্যায় হাওড়া প্রেস ক্লাবের ৪৬তম প্রতিষ্ঠা বার্ষিকী পালিত হলো।এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন হাওড়ার এসিপি তথাগত পান্ডে ,হাওড়া পৌরনিগমের পৌরপ্রশাসক ডা: সুজয় চক্রবর্ত্তী , আধ্যাপক ড:শঙ্কর সান্যাল ,বিশিষ্ট সাংবাদিক রথীন্দ্রমোহন বন্দ্যোপাধ্যায় , ফেসির সম্পাদক দেবদত্ত ব্যানার্জী ,ড:দেবব্রত মুখোপাধ্যায়,হাওড়া ডিস্ট্রিক প্রেস ক্লাবের সভাপতি সঞ্জয় সিং , হাওড়া ডিস্ট্রিক প্রেসক্লাবের সম্পাদক শুভাশীষ দেব সরকার , হাওড়া প্রেসক্লাবের সভাপতি শৈলেশ্বর পান্ডা , সাধারণ সম্পাদক সুজিত কুমার পাল , সহ সভাপতি বাণীব্রত কাড়ার , কোষাধ্যক্ষ স্বপন কাঁড়ার , যুগ্ম সম্পাদক ড: কৌশিক ঘোষ ও সৌরভ সিংহ বিশিষ্ট ক্লাব কর্মকর্তা বিজন কুমার পোল্লে , শুভেন্দু কুমার চ্যাটার্জী ,প্রশান্ত বিশ্বাস ,বিপুল কুমার ঘোষ ,শুভাশীষ পাল ,পঞ্চানন ঘোষাল সহ বহু বিশিষ্ট ব্যক্তিবর্গ ও বিদগ্ধ সাংবাদিকগণ উপস্থিত ছিলেন। ক্লাবের অন্যতম প্রতিষ্ঠাতা সদস্য প্রয়াত কাজল সেনের ছবিতে মাল্যদান ,পুস্পার্ঘ্য নিবেদেন ও সমাজের প্রয়াত গুণীজনদের স্মরণে নীরবতা পালনের মাধ্যমে অনুষ্ঠানের শুভারম্ভ হয়। বক্তব্য পেশ, নৃত্য ,সংগীত পরিবেশন , আবৃত্তি পাঠ, সংবর্দ্ধনাজ্ঞাপনের মাধ্যমে অনুষ্ঠান পরিচালিত হয়। এবছরের সাংবাদিকতা প্রশিক্ষণ শিবিরের প্রশিক্ষণ প্রাপ্তদের সংশাপত্র প্রদান ও করা হয় পাশাপাশি সমাজের গুণী ব্যক্তি ও ক্লাবের প্রবীন সাংবাদিকদের বিশেষভাবে সংবর্দ্ধিত করা হয়।অনুষ্ঠানে হাওড়া প্রেস ক্লাবের মুখপত্র বিবরণ ও প্রকাশিত হলো। হাওড়ার এসিপি তথাগত পান্ডে হাওড়া প্রেসক্লাবের সকল সাংবাদিকগণকে বিশেষ ধন্যবাদ জানান। সৃজনশীল সমাজ গঠনের উপর ও তিনি বিশেষ গুরুত্ব দেন। হাওড়া পৌরনিগমের পৌরপ্রশাসক সুজয় চক্রবর্ত্তী ও সমাজের সাংবাদিকদের গুরুত্বপূর্ণ ভূমিকার কথা তুলে ধরেন। উপস্থিত সকল বক্তা ই হাওড়া প্রেস ক্লাবের ৪৬ তম প্রতিষ্ঠা বার্ষিকীর শুভেচ্ছা ও অভিনন্দন জানান।




## রাধানগরে পথ-দুর্ঘটনায় যুবকের মৃত্যু

মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৭ সেপ্টেম্বর : কুমারগ্রাম ব্লকের রাধানগর এলাকায় পথ-দুর্ঘটনায় মৃত্যু হল এক যুবকের। জানা গিয়েছে , মৃতের নাম অজয় ঠাকুর(২২)। কামাখ্যাগুড়ির ঘোড়ামারা চৌপথী সংলগ্ন এলাকায় তাঁর বাড়ি। সোমবার রাতে বাইকে চেপে কুমারগ্রাম থেকে বারবিশার অভিমুখে আসছিল অজয়। রাধানগর এলাকায় নিয়ন্ত্রণ হারিয়ে দুর্ঘটনার কবলে পড়ে সে। বারবিশা দমকল কেন্দ্রের কর্মীরা গুরুতর জখম অবস্থায় তাঁকে উদ্ধার করে কামাখ্যাগুড়ি গ্রামীণ হাসপাতালে আনেন। সেখান থেকে অজয়কে আলিপুরদুয়ার জেলা হাসপাতালে স্থানান্তরিত করা হয়। আলিপুরদুয়ার নিয়ে যাওয়ার পথেই তাঁর মৃত্যু হয়েছে।

# জলদাপাড়া তে হাতিকে পুজো দিলেন বনকর্মীরা



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৭ সেপ্টেম্বর : আলিপুরদুয়ার জেলা জলদাপাড়াতে বিশ্বকর্মা পুজো উপলক্ষে হাতি পুজো করা হল। বনদফতরের কুনকি হাতিকে এদিন পুজো করা হয়। এদিন জলদাপাড়াতে অতিরিক্ত বন্যপ্রাণ আধিকারিক কার্যালয়ে কুনকি হাতি রায়ান , ধর্ময়া , রসারাজা এই তিন কুনকি হাতি পুজো করা হয়। পুজো শেষে তাদের ফল খাওয়ানো হয়। এদিন কুনকি হাতিদের স্নান করিয়ে সাজিয়ে পুজোস্থলে নিয়ে আসা হয় বিশ্বকর্মা পুজো শেষে কুনকি হাতিদের পুজো করা হয়।

# জুনিয়র ডাক্তারদের সঙ্গে বৈঠকের পর কলকাতা পুলিশের বড় রদবদল করা হলো




বেবি চক্রবর্ত্তী ,এই যুগ ,কলকাতা ,১৭ সেপ্টেম্বর : ঘোষণামতো সরিয়ে দেওয়া হল বিনীত গোয়েল ও অভিষেক গুপ্তাকে। কলকাতা পুলিশের নতুন কমিশনার হলেন মনোজ ভার্মা। বিনীত গোয়েলের জায়গায় কলকাতা পুলিশের কমিশনার হলেন তিনি। এদিকে এডিজি এসটিএফ করা হল বিনীতকে। অভিষেক গুপ্তর জায়গায় ডিসি নর্থ হলেন দীপক সরকার। অভিষেক গুপ্তকে পাঠানো হল EFR সেকেন্ড ব্যাটেলিয়নের CO করে।১৯৯৮ ব্যাচের আইপিএস অফিসার মনোজ বর্মা। এর আগে তিনি রাজ্য পুলিশে এডিজি (আইন-শৃঙ্খলা) ছিলেন। এবার শুরু হতে চলেছে তাঁর নতুন ইনিংস। কলকাতার নতুন পুলিশ কমিশনার হচ্ছেন তিনি। কিছুক্ষণ আগেই এই বিষয়ে বিজ্ঞাপিত জারি করা হয় নবান্ন থেকে। অন্যদিকে , বিনীত গোয়েলকে পাঠানো হচ্ছে স্পেশাল টাস্ক ফোর্সের এডিজি করে। রাজ্য পুলিশের যে ইন্টেলিজেন্স ব্যুরো রয়েছে তার নতুন এডিজি হচ্ছে জ্ঞানবন্ত সিং। জাভেদ শামিম যিনি এতদিন পর্যন্ত এডিজি আইবি ছিলেন , তিনি এবার রাজ্যে পুলিশের নতুন এডিজি আইন-শৃঙ্খলা হচ্ছেন। তার পাশাপাশি মনোজ বর্মা যিনি এডিজি আইন-শৃঙ্খলা ছিলেন , তিনি কলকাতার পুলিশ কমিশনার হচ্ছেন। ১৯৯৮ ব্যাচের এই আইপিএস অফিসার এর আগে ব্যারাকপুরের পুলিশ কমিশনার ছিলেন। জঙ্গলমহলে , দার্জিলিঙে কাজ করেছেন। বিভিন্ন সময়ে সংকট মোকাবিলার কাজে পুলিশকে নেতৃত্ব দিয়েছেন। সেখানে সরকারের সাফল্য এসেছে। রাজ্যপালের এডিসি পদ থেকে সরানো হল আইপিএস মনীশ যোশীকে। বিধাননগর পুলিশ কমিশনারেটের বিধাননগর ডিভিশনের অতিরিক্ত ডিসি হিসেবে দায়িত্ব পেলেন তিনি। আর রাজ্যপালের এডিসি পদ দেওয়া হল আইপিএস শান্তি দাসকে। তিনি ছিলেন রাজ্য মানবাধিকার কমিশনের অতিরিক্ত পুলিশ সুপার।

কাগজের নৌকা
18 SEPTEMBER 2024 , বুধবার

**লেখা প্রকাশ**
নিজস্ব লেখা কবিতা/ গল্প প্রকাশ করতে যোগাযোগ করুন - ৯০৬২৮৬৭৯২১ নং এ

# প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে জন্মদিনের শুভেচ্ছা জানান সাংসদ অভিষেক





বেবি চক্রবর্ত্তী ,এই যুগ ,কলকাতা ,১৭ সেপ্টেম্বর : মঙ্গলবার সকাল সকাল দেশের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে নিয়ে টুইট করলেন তৃণমূল সাংসদ অভিষেক বন্দ্যোপাধ্যায়। আর এই টুইট দেখে চমকে গেল বাংলা তথা দেশীয় রাজনৈতিক মহল। আজ আসলে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর জন্মদিন। তিনি ৭৪ বছরে পা দিয়েছেন। আর এই নিয়ে নিজের এক্স হ্যান্ডেলে বিশেষ পোস্ট করলেন অভিষেক।এমনিতে নানা রাজনৈতিক তরজা রয়েছে তৃণমূল ও বিজেপির মধ্যে। দেশের প্রধানমন্ত্রীকে ১০০ দিনের কাজ থেকে শুরু করে মেয়েদের নিরাপত্তা , নানা জায়গায় ভোট ইত্যাদি ইস্যুকে কেন্দ্র করে লাগাতার নিশানা করে এসেছেন অভিষেক বন্দ্যোপাধ্যায়। তবে আজ আচমকা নিজের এক্স হ্যান্ডেলে প্রধানমন্ত্রীকে জন্মদিনের শুভেচ্ছা জানিয়ে সকলকে চমকে দিলেন ডায়মন্ড হারবারের তৃণমূল সাংসদ।নিজের এক্স হ্যান্ডেলে আজ অভিষেক লেখেন, 'মাননীয় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীজিকে জন্মদিনের অনেক শুভেচ্ছা। আপনার সুস্বাস্থ্য এবং সুখ কামনা করি।' এদিকে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর জন্মদিনে বিজেপির তরফে আজ বিশেষ অনুষ্ঠান সহ বিভিন্ন উদযাপনের আয়োজন করা হয়েছে। বিশ্বকর্মা পুজোর সঙ্গে মিল রেখে বিজেপি কর্মীরা মোদীর মূর্তি তৈরি করেছেন, যাঁকে ভগবান বিশ্বকর্মা রূপে দেখানো হয়েছে। পাটনার বেদ স্কুলে দুধের অভিষেক ও মন্ত্রোচ্চারণের মাধ্যমে মোদীর ছবিকে সম্মান জানানো হয়। শ্রমিকরা মোদীকে আধুনিক যুগের বিশ্বকর্মা হিসাবে প্রশংসা করেছেন। সেইসঙ্গে ভারতকে বিশ্বব্যাপী স্বীকৃতি আনার ক্ষেত্রে তাঁর ভূমিকার কথা তুলে ধরেছিলেন।-ফাইল চিত্র।

# ইচ্ছা

আশীষ কুমার কুন্ডু
( ব্যারাকপুর ,পশ্চিমবঙ্গ )

জীবন যে বড় কঠিন ,
বড্ড-জ্বালায় যে জ্বলে ,
ইচ্ছা-গুলো যে তীব্র জ্বালায় ,
পাতাল- তলে ও হুল ফুটায় ,
মনটা যে আজ আগ বাড়িয়ে ,
ব্যথা গুলোকে বড্ড জাগায় ,
না পাওয়ার খাতায় এসে ,
লাটা-গুড়িতে সুতো গোটায় ।
বেড়েই চলেছে কখন যে ঘুন ,
ধরেছে শুকনা হৃদয়ের পাতায় ,
মন চাইলেই যায় না পাওয়া ,
জীবনের সমস্ত এগিয়ে যাওয়ার ,
পথ যে বড়ই ভয়ঙ্কর ,
চাঙ্গড় খসে পড়া সব ভাবনার ই দেওয়াল ,
দুর্বল যে ভিত সৃষ্টির সাধন ,
ধ্বংস সাধন ব্যর্থ হয় যে জিৎ।
জীবনের এইখানে প্রশ্নগুলোর উত্তর নেই জানা ,
জীবন যে বড় কঠিন ,
মগজে তাই তো দেয় হানা।
তীব্র গামী জীবন ইঞ্জিন ,
সময় করে না ছোটে ,
ট্রেন সময় ইঞ্জিন ছুটে ,
আনন্দ নুড়ি হাতরে বেড়ায় ,
যতটুকু কপালে জোটে।।

# আলিপুরদুয়ার সদরে মহিলাদের সুরক্ষা নিশ্চিত করতে চালু গোলাপি টহলদারি ভ্যান




সুকুমার রঞ্জন সরকার ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৭ সেপ্টেম্বর : আসন্ন দুর্গা পুজায় আলিপুরদুয়ার শহরে মহিলাদের সুরক্ষা নিশ্চিত করার লক্ষ্যে মঙ্গলবার আলিপুরদুয়ার জেলা পুলিশের উদ্যোগে উদ্বোধন হল একটি গোলাপি টহলদারি ভ্যানের। সবুজ পতাকা দেখিয়ে টহলদারি ভ্যানের যাত্রা শুরু করান জেলা পুলিশ সুপার ওয়াই রঘুবংশী। উপিস্থিত ছিলেন অন্যান্য পুলিশ আধিকারিকগন। পুলিশ সুপার জানান টহলদারি ভ্যানে মহিলা পুলিশ কর্মীরা থাকবেন ও তাদের দ্বারাই ভ্যানটি পরিচালিত হবে। যে কোনো সমস্যায় ১১২ নম্বরে কল করে সমস্যার কথা জানালে ঘটনাস্থলে পৌঁছে যাবেন গোলাপি টহলদারি ভ্যান সহ মহিলা পুলিস কর্মীরা , তারা বিপদে বা সমস্যায় পড়া মহিলাদের সুরক্ষা প্রদান করবেন।




দৈনিক 'এই যুগ' সংবাদপত্রে নিজস্ব ব্যবসায়িক প্রতিষ্ঠানের বিজ্ঞাপন দিতে যোগাযোগ করুন - 9062867921

EI YUG । EDITOR - SUROJIT MALICK । OWNER - SUROJIT MALICK । PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S - DOMJUR ,DISTRICT -HOWRAH , PIN -711403 ,STATE-WEST BENGAL । PRINTED BY SUROJIT MALICK AT " EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE " ,BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA ,P.S-DOMJUR , STATE - WEST BENGAL ,PIN-711403 । CONTACT NO -9062867921 ,9836753661 । EMAIL-EIYUGNEWSPAPER@GMAIL.COM , NEWSPAPER EIYUG@GMAIL.COM । RNI : WBBEN/2020/81746 ।